

বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ


৩য় শ্রেণি(জ্যামিতি) ১ম পর্ব পরীক্ষা-২০২০

বিন্দুঃ যার শুধু অবস্থান রয়েছে। দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতা নেই তাকে বিন্দু বলে।

A .


চিত্রে A একটি বিন্দু

রেখাঃ যার কোন প্রান্ত বিন্দু নেই তাকে রেখা বলে। অথবা বিন্দুর চলার পথকে রেখা বলে।




চিত্রে AB একটি রেখা

তলঃ ঘনবস্তুর উপরিভাগকে তল বলে।



চিত্রে ঘনবস্তুর কয়েকটি তল

কোণঃ দুইটি রশ্মি তাদের সাধারণ প্রান্ত বিন্দুতে মিলিত হলে যে জ্যামিতিক চিত্র তৈরি হয় তাকে কোণ বলে।




চিত্রে $\angle ABC$ একটি কোণ

সমকোণঃ একটি রেখার উপর অপর একটি রেখা লম্বভাবে দণ্ডায়মান হলে যে কোণ তৈরি হয় তাকে সমকোণ বলে।

অথবা

৯০° কোণকে সমকোণ বলে।




চিত্রে $\angle ABC$ একটি সমকোণ

সূক্ষ্মকোণঃ এক সমকোণ অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে।

অথবা

৯০° অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে।




চিত্রে $\angle ABC$ একটি সূক্ষ্মকোণ

স্থূলকোণঃ এক সমকোণ অপেক্ষা বড় কিন্তু দুই সমকোণ অপেক্ষা ছোট কোণকে স্থূলকোণ বলে।


অথবা

৯০° অপেক্ষা বড় কিন্তু ১৮০° অপেক্ষা ছোট কোণকে স্থূলকোণ বলে




চিত্রে $\angle ABC$ একটি স্থূলকোণ

ত্রিভুজ : তিনটি বাহু দ্বারা আবদ্ধ চিত্রকে ত্রিভুজ বলে।




চিত্রে ABC একটি ত্রিভুজ।

চতুর্ভুজ : চারটি বাহু দ্বারা আবদ্ধ চিত্রকে চতুর্ভুজ বলে।




চিত্রে ABCD একটি চতুর্ভুজ

আয়তক্ষেত্র : যে চতুর্ভুজের চারটি কোণই সমকোণ এবং বিপরীত বাহুগুলো পরস্পর সমান তাকে আয়তক্ষেত্র বলে।




চিত্রে ABCD একটি আয়তক্ষেত্র

বর্গক্ষেত্র : যে চতুর্ভুজের চারটি কোণই সমকোণ এবং প্রতিটি বাহু সমান তাকে বর্গক্ষেত্র বলে।



চিত্রে ABCD একটি চতুর্ভুজ

বৃত্ত : একটি নির্দিষ্ট বিন্দুকে কেন্দ্র করে সমান দূরত্ব বজায় রেখে চলমান রেখা দ্বারা যে আবদ্ধ ক্ষেত্র তৈরি হয় তাকে বৃত্ত বলে। অথবা একটি আবদ্ধ বক্ররেখা, যার প্রতিটি বিন্দু ভেতরের একটি বিন্দু থেকে সমান দূরে, তাকেই বৃত্ত বলে।



চিত্রে A কে কেন্দ্র করে BCD একটি বৃত্ত

